গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ।
www.fisheries.trishal.mymensingh.gov.bd

স্মারক নং-৩৩.০২.৬১৯৪.৫০১.২৪.০০৩.২৬.৯৯ তারিখঃ ১২/০৫/২০২৬ খ্রি.

## ''নোটিশ''

এতদ্বারা ত্রিশাল উপজেলাধীন সকল মৎস্য চাষীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কতিপয় মৎস্য চাষী মাছের খাদ্য হিসেবে মুরগির বিষ্ঠা (দাপ্তরিক নাম: লিটার) ব্যবহার করে আসছেন। জনস্বাস্থ্যের জন্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ এ উপাদানের ব্যবহার ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। গবেষণায় প্রতীয়মান হয়েছে যে, লিটার ব্যবহারপূর্বক চাষকৃত মাছে অ্যান্টিবায়োটিকের উপস্থিতি পাওয়া যেতে পারে, যা মানবস্বাস্থ্যের জন্য মারাত্মক ক্ষতিকর। মুরগি পালনে ব্যবহৃত বিভিন্ন ধরনের অ্যান্টিবায়োটিক মুরগির বিষ্ঠার মাধ্যমে মাছের শরীরে প্রবেশ করে এবং পরবর্তীতে মাছ ভক্ষণের মাধ্যমে মানবদেহে সঞ্চারিত হতে পারে। এ সকল উপাদান সহজে বিনষ্ট হয় না এবং মানবদেহের রোগ প্রতিরোধ ক্ষমতা হ্রাসসহ হৃদরোগ, কিডনি ও লিভারের জটিল ক্ষতির কারণ হতে পারে মর্মে বিশেষজ্ঞগণ সতর্ক করেছেন।

২। এছাড়াও মাছ চাষে সরাসরি মুরগির বিষ্ঠা ব্যবহার পুকুরের পানি, মাছ ও পুকুরের মাটির জন্য মারাত্মক ক্ষতিকর। অধিক মুনাফার আশায় অনেক মৎস্য চাষী মৎস্য খামারের উপর মুরগির শেড নির্মাণ করে সরাসরি মাছকে বিষ্ঠা খাওয়াচ্ছেন অথবা বস্তাবন্দী মুরগির বিষ্ঠা পুকুরে প্রয়োগ করছেন। এর ফলে পানি দূষণের পাশাপাশি পারিপার্শ্বিক পরিবেশও মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে।

৩। মৎস্য ও মৎস্য পণ্য (পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ) আইন, ২০২০ এর ধারা ৩১(২) অনুযায়ী, কোনো ব্যক্তি মৎস্য খামারে নিষিদ্ধ ঔষধ, রাসায়নিক অথবা ক্ষতিকর পদার্থ ব্যবহার করলে কিংবা উত্তম মৎস্য চাষ পদ্ধতি অনুসরণে ব্যর্থ হলে, তা একটি দণ্ডনীয় অপরাধ হিসেবে গণ্য হবে। উক্ত অপরাধের জন্য সংশ্লিষ্ট ব্যক্তি অন্যূন ২ (দুই) বছরের কারাদণ্ড অথবা অনধিক ৮ (আট) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৪। অতএব, মৎস্য চাষের পুকুর/জলাশয়ে লিটার (মুরগির বিষ্ঠা) ও মানুষের মলমূত্র ব্যবহার না করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। অন্যথায় আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২/০৫/২৬

(সামসুজ্জামান মাসুম)
পরিচিতি নম্বরঃ ০০৭৫০
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
ত্রিশাল, ময়মনসিংহ।
মোবাইলঃ ০১৭৬৯৪৫৯৯০৩
ই-মেইলঃ sufotrishal@fisheries.gov.bd

প্রাপক,

..........................................................
..........................................................
..........................................................

স্মারক নং-৩৩.০২.৬১৯৪.৫০১.২৪.০০৩.২৬.৯৯ তারিখঃ ১২/০৫/২০২৬ খ্রি.

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলঃ**

১। **পরিচালক, মৎস্য অধিদপ্তর**. ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
২। **জেলা মৎস্য কর্মকর্তা**, ময়মনসিংহ।
৩। **উপজেলা নির্বাহী অফিসার**, ত্রিশাল, ময়মনসিংহ।
৪। **সহকারী কমিশনার (ভূমি)**, ত্রিশাল, ময়মনসিংহ।
৫। **অফিসার ইনচার্জ, ত্রিশাল থানা**, ত্রিশাল, ময়মনসিংহ।
৬। চেয়ারম্যান/প্রশাসক,..............................ইউনিয়ন পরিষ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭। নোটিশ বোর্ড।
৮। সংশ্লিষ্ট নথি।

১২/০৫/২৬

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
ত্রিশাল, ময়মনসিংহ।